গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ফেনী সরকারি কলেজ,ফেনী

স্থাপিত: ১৯২২

ডাকঘর-ফেনী,উপজেলা-ফেনী,জেলা-ফেনী

ফোন : ০২৩৩৪৪-৭৪০৪৯ Website: www.fgc.gov.bd মোবাইল : ০১৮১৯৩২৩৭১৭

Email:fenigovcollege@yahoo.com




তারিখ : ১৪/০৯/২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ফেনী জেলার সকল কলেজের সম্মানিত অধ্যক্ষবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বিগত ০২ আগষ্ট ২০২৬ তারিখে প্রকাশিত স্মারক নং-৩২ (০২৮) জাতীঃবিঃ/শাঃশিঃ/সংস্কৃতি বির্তক/আন্তঃকলেজ/২০২৪/২১০৭ তারিখ: ০৮ জুলাই ২০২৬ মোতাবেক **"আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬"** ১৭/০৯/২০২৬ খ্রি. বৃহস্পতিবার সকাল ১০.০০ টায় ফেনী সরকারি কলেজের বীর মুক্তিযোদ্ধা খাজা আহমেদ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।

উক্ত অনুষ্ঠানে সকল প্রতিযোগীকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ দেয়া হলো।

(প্রফেসর মোহাম্মদ এনামুল হক খোন্দকার)

অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী

প্রফেসর মোহাম্মদ এনামুল হক খোন্দকার

অধ্যক্ষ (৯৬৭৭)

ফেনী সরকারি কলেজ, ফেনী।

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর

স্মারক নং- ৩২(০২৮) জাতীবিঃ/শাঃশিঃ/সংস্কৃতি ও বিতর্ক/আন্তঃকলেজ/২০২৪/২১০৫ তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ০৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

### আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬ সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজের সম্মানিত অধ্যক্ষবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, অধিভুক্ত কলেজসমূহের স্নাতক (পাস ও সম্মান), প্রফেশনাল কোর্সসমূহ এবং স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দেশব্যাপী **"আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬"** আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে অধিভুক্ত কলেজসমূহের ইভেন্ট ভিত্তিক প্রতিযোগীবৃন্দের সকল তথ্য বিজ্ঞপ্তি প্রকাশের পর আগামী ৩০/০৭/২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://sports.nu.ac.bd) গিয়ে College Login (পাসওয়ার্ড collegeportal.nu.ac.bd নোটিফিকেশন লিংকে পাওয়া যাবে) করে College Entry লিংক-এ প্রবেশপূর্বক অনলাইন ফরম পূরণ করতে হবে (ওয়েব সাইটে তথ্য পূরণে যে কোন সমস্যায় মোঃ মনিরুল ইসলাম, সিনিয়র প্রোগ্রামার, মোবাইল ০১৯১১১৪১১২৭ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

জরুরী প্রয়োজনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের কর্মকর্তা জনাব স্বর্ণময়ী সাহা, উপ-পরিচালক (মোবাইলঃ ০১৭১১৫৮৬৭১২), জনাব মোঃ সুজাউদ্দৌলা, উপ-পরিচালক (মোবাইল: ০১৮১৮৭৩১৪৭৩) এবং জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, সহকারী পরিচালক (মোবাইল: ০১৭১১১৬৭৬১২) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

**প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রতিযোগীদের তথ্য পূরণের ছক:**

**National University Inter-College Cultural and Debate Competition Form:**

1. **Event Name**
2. **Participant's Name**
3. **Registration Number/Admission Roll No.**
4. **Course Name**
5. **Session**
6. **Date of Birth**
7. **Gender**
8. **Contact Number**
9. **National ID Number**
10. **bkash (personal)**
11. **Student's Photograph (Size 300x300)**

**বিঃ দ্রঃ ইভেন্ট ভিত্তিক আলাদা তালিকা ওয়েবসাইটে আপলোড করতে হবে।**

প্রতিযোগিতা অনুষ্ঠানের তারিখ ও ভেন্যু নিম্নে দেয়া হলোঃ

| | |
|---|---|
| **নিবন্ধনের সময়** | : ১২/০৭/২০২৬ থেকে ৩০/০৭/২০২৬ পর্যন্ত। |
| **জেলা পর্যায়ের প্রতিযোগিতার ফিক্সচার তৈরী** | : ০১/০৮/২০২৬ হতে ০৬/০৮/২০২৬ পর্যন্ত। |
| **জেলা পর্যায়ের প্রতিযোগিতা** | : ০৭/০৮/২০২৬ হতে ১২/০৯/২০২৬ পর্যন্ত। |
| **বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা** | : সময় ও তারিখ পরবর্তীতে জানানো হবে। |
| **চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা** | : সময় ও তারিখ পরবর্তীতে জানানো হবে। |
| **পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান** | : পরবর্তীতে জানানো হবে। |

১. প্রতিযোগিতার ইভেন্টসমূহ নিম্নরূপ:

একক: ১. দেশাত্মবোধক গান ২. নজরুল সংগীত ৩. রবীন্দ্র সংগীত ৪. আধুনিক গান
৫. লোকগীতি ৬. আবৃত্তি ৭. অভিনয় ৮. নৃত্য
৯. উপস্থিত বক্তৃতা (বিষয়: ক. সবার আগে বাংলাদেশ খ. সুশাসনের বাংলাদেশ গ. গণতান্ত্রিক বাংলাদেশ ঘ. সংবাদপত্রের স্বাধীনতা ঙ. সভ্যতার অগ্রগতিতে কৃত্রিম বুদ্ধিমত্তা) চ. আনন্দের সাথে শিক্ষণ ছ. নৈতিক শিক্ষা জ. বৈশ্বিক উষ্ণায়ণ ও বৃক্ষরোপন

দলীয়: ১০. গণ সংগীত [অনূর্ধ্ব ০৫ জন] ১১. সৃজনশীল নৃত্য [অনূর্ধ্ব ০৫ জন]
১২. বিতর্ক [০৩ জন]
বিষয়: ক. রাজনৈতিক অনৈক্যই গণতন্ত্রের ভিতকে দূর্বল করে ফেলে।
খ. সমালোচনা সহ্য করতে না পারার কারণেই রাষ্ট্র ও সমাজের মধ্যে দূরত্বের সৃষ্টি হয়।
গ. ভয়মুক্ত নির্বাচনই প্রকৃত গণতন্ত্রের ভিত্তি।
ঘ. রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নিরপেক্ষতা না থাকলে সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠা সম্ভব নয়।
ঙ. মত প্রকাশের স্বাধীনতা ছাড়া প্রকৃত স্বাধীনতা অর্থহীন।
চ. প্রতিযোগিতাহীন ক্ষমতা কাঠামো সমাজকে স্থবির করে ফেলে।
ছ. দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য উচ্চ শিক্ষার চেয়ে কারিগরী শিক্ষায় অধিক গুরুত্ব দেয়া প্রয়োজন।
জ. সামাজিক যোগাযোগ মাধ্যম পারিবারিক সম্পর্কের বন্ধনকে ক্রমশ শিথিল করে ফেলছে।

২. জেলা পর্যায়ে সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে অধিভুক্ত কলেজসমূহের ইভেন্ট ভিত্তিক প্রতিযোগীদের কলেজ পরিচয়পত্র ও প্রয়োজনীয় সকল তথ্য নিজ নিজ কলেজ অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশের ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অ্যাপস্ বা https://sports.nu.ac.bd ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৩. জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিটি ভেন্যু কলেজ থেকে ইভেন্ট ভিত্তিক বিজয়ী প্রতিযোগীদের (১ম, ২য় ও ৩য় এবং চ্যাম্পিয়ন ও রানার্সআপ) নাম প্রতিযোগিতা সমাপ্ত হওয়ার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে ভেন্যু কলেজের অধ্যক্ষের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ওয়েবসাইটে আপলোড করতে হবে।